United Utilities

helping life flow smoothly

জলের মিটারের আবেদন প্যাক

একটি জলের মিটার হলে আপনার কি ভালো হবে?

একটি জলের মিটার হলে আপনার কি ভালো হবে?

একটি জলের মিটার হলে আপনার কি ভালো হবে?



দৈনন্দিন জীবনে যতটুকু প্রয়োজন এর চেয়ে বেশি পরিমান টাকা খরচ করতে কেউ চায় না।

আপনি কি আপনার জল পরিষেবার জন্য অনেক বেশি টাকা দিচ্ছেন?

একটি জলের মিটার পাওয়ার সঙ্গে সঙ্গে, নির্ধারিত বিল অতীতের বিষয় হয়ে যায়। আপনি যে পরিমান জল ব্যবহার করবেন সেই হিসাবে শুল্ক নির্ধারণ করা হবে, সুতরাং আপনি যত বেশি জল সঞ্চয় করবেন ততবেশি টাকাও সঞ্চয় হবে।



আপনার মিটারের সঙ্গে মানানসই হেন

একবার আপনি মিটারের জন্য আবেদন করলে, আমরা তিন মাসের মধ্যে স্থাপন করবো-যদি সম্ভব হয় এর আগেও করতে পারি।

কোন জায়গায় বসালে সবচেয়ে ভালো হবে সেটা আমরা নির্ণয় করবো। সবসময় আমাদের পছন্দ হলো আপনার বাড়ীর ভিতরেই মিটার স্থাপন করা - আজকাল আমরা রিমোট টেকনোলজি ব্যবহার করি এবং মিটার রিডিং নেওয়ার জন্য আমাদের আপনার বাড়ীতে প্রবেশ করতে হবে না এবং আপনার কোন অসুবিধাও হবে না। এবং আপনার বাড়ীর ভিতরে মিটার স্থাপন করলে ভালো এটাই হবে যে, আপনি নিজে নিজেই মিটার রিডিং দেখতে পারবেন এবং আপনার জল ব্যবহার কম করতে পারবেন।

কোন সময়, আপনার নতুন বাড়ীতে মিটার স্থাপন করতে হলে আমাদের হয়তো সাধারণ মেরামত কাজ করতে লাগবে। কোন চিন্তা করবেন না, এই ধরণের কোন কাজ করার আগে আমরা আপনার সঙ্গে কথা বলবো।

যদি, কোন কারনে দেখা যায় যে আমরা আপনার বাড়ীর ভিতরে মিটারটি স্থাপন করতে পারছি না, তাহলে আমরা দেখবো যে, যদি ফুটপাথে এটি স্থাপন করা যায়। এটা স্পষ্ট করা দরকার যে, যদি দেখা যায় আমরা মিটারটি ভিতরে স্থাপন করতে পারবো কিন্তু আপনি বাড়ীর বাইরে স্থাপন করতে চাইছেন, তাহলে এই কাজের জন্য আমরা মাশুল আদায় করবো (সাধারণত প্রায় £130 ও সঙ্গে VAT ভ্যাট) অন্যান্য সব ক্ষেত্রে আমরা আমাদের মিটারটি বিনামূল্যে স্থাপন করি।

মিটার ডিফিটার

কোন সময়, দেখা যায় যে জলের মিটার স্থাপন করাটা সম্ভব হচ্ছে না। উদাহরণস্বরূপ, আপনি যদি অন্য সম্পত্তির সঙ্গে আপনার জল সরবরাহ ভাগাভাগি করেন, আপনার সম্পত্তিতে একটির ও বেশি জলের সরবরাহ রয়েছে বা আপনার পাইপের কাজ ঠিক উপযুক্ত নয়, তাহলে আপনার অভিজ্ঞ ফিটাররা মাথা চুলকাবেন এবং নতশ্বরে ‘না’ বলবেন।

যদি আপনার ক্ষেত্রে এরকম হয় তাহলে এর মানে নয় যে সব নষ্ট হয়ে গেলো। এরপর আপনার কাছে বিকল্প থাকবে, একটি মূল্যায়িত ভিত্তিতে আপনার জলের বিল দেওয়া (যটি হলো নির্ধারিত বার্ষিক শুল্ক নির্ভরশীল হবে আপনার সম্পত্তি কি ধরণের এর ওপর বা আপনি কি একা থাকেন এর ওপর)। যদি আপনার ক্ষেত্রে এটি প্রযোজ্য হয়, তাহলে আপনার যা তথ্যের দরকার আমরা সব দেবো।

আমাদের অনলাইনের ‘স্প্ল্যাশ দ্য ক্যাশ’ চ্যালেঞ্জ গ্রহণ করুন!

আমাদের ওয়েবসাইটে যান এবং আমাদের তাৎক্ষনিক ক্যালকুলেটরটি পরীক্ষা করে দেখুন। এটির সাহায্যে হিসাব করা যাবে যে একটি জলের মিটার থাকলে বৎসরে আপনার সম্ভাব্য সঞ্চয় কত হতে পারে। এটি সম্পূর্ণ করতে মাত্র কয়েক মিনিট লাগবে, এবং আপনি দেখে আশ্চর্য হবেন যে আপনি কত টাকা সঞ্চয় করতে পারবেন।

unitedutilities.com/meters

পরিবারের ভাগ্য

আপনার যদি একটি ছোট পরিবার হয়, একা থাকেন বা সঙ্গী নিয়ে থাকেন, তাহলে একটি জলের মিটার হলে আপনি জিতবেন।

এমনকি আপনার যদি বড় পরিবার থাকে, তাহলে আপনি একটি জলের মিটারের দ্বারা লাভবান হতে পারেন কি না সেটা দেখা দরকার - বিশেষ করে যদি আপনার বাড়ীর বাজারদর বেশি হওয়ার কারনে বর্তমান নির্ধারিত বিলের পরিমান বেশি হয়ে থাকে।

এই বাড়ীগুলির দিকে তাকান। কোনটি আপনার বাড়ীর সবচেয়ে কাছে?

ক্যাটি

31 বৎসর বয়সের ক্যাটি সম্প্রতি তার প্রথম বাড়ীতে প্রবেশ করেছেন। তিনি একা থাকেন, কিন্তু তার বারান্দাটা রাস্তা পর্যন্ত গেছে, তার পার্টি পছন্দ করা বন্ধুদের ধন্যবাদ। তিনি শাওয়ারে স্নান করেন, বাথ-এ নয় (কোন সময়ই না) এবং কোন বাগান ও নেই - শুধুমাত্র উইল্টিং হার্বস যুক্ত একটি উইন্ডো বক্স ছাড়া! এই বৎসরের তার নির্ধারিত জলের বিল হলো £420।

একটি জলের মিটার থাকলে সঞ্চয় হওয়ার সম্ভাবনা আছে?
হ্যাঁ

সম্ভাব্য সঞ্চয় প্রায়ঃ

£136 প্রতি বৎসর

ক্যাথরিন এবং ব্রিয়ান

অবসরপ্রাপ্ত দম্পতি ক্যাথরিন এবং ব্রিয়ান 11 বৎসর থেকে একটি সুন্দর বাংলোতে থাকেন। তাদের সন্তানরা অনেক দিন আগেই বাড়ী থেকে বাইরে চলে গেছে, কিন্তু তাদের তিন নাতি-নাতনি ঘুরতে ভালোবাসে এবং বাগান করার জন্য প্রায়ই তাদের এখানে এসে থাকে। তারা ফুলের গাছে জল দেওয়ার জন্য ওয়াটার বাট ব্যবহার করে, কারণ তারা সুবজত্বে বিশ্বাস করে এবং সবুজ পছন্দ করে। তাদের এই বৎসরের নির্ধারিত জলের বিল হলো £680।

একটি জলের মিটার থাকলে সঞ্চয় হওয়ার সম্ভাবনা আছে? হ্যাঁ

সম্ভাব্য সঞ্চয় প্রায়ঃ

£282 প্রতি বৎসর

দ্য ওয়াংস

স্টিভ এবং লি ওয়াং তাদের ছোট মেয়ে সন্তানের জন্য গর্বিত হতে পারেন না। ন্যাপিস, নাইট ফিড এবং সিব্যাবিস বর্তমানে তাদের জীবনে প্রবল হয়ে ওঠেছে, তাদের ইউটিলিটি বিল বা এই সব বিষয়ে জল সঞ্চয় করা নিয়ে ভেবে দেখতে হবে। সময়ের সঙ্গে এগুলি বদলানো নিশ্চিত, কারন বিশেষ করে তাদের মাথার ওপর বোঝা বেশি আছে। তাদের এই বৎসরের নির্ধারিত বিল হলো £575।

একটি জলের মিটার হতে তাদের সঞ্চয় হবেঃ **স্বল্প সঞ্চয় সম্ভব হবে**

সম্ভাব্য সঞ্চয় প্রায়ঃ **£63 প্রতি বৎসর**

দ্য হ্যান্ডারসোনস

হ্যান্ডারসোনের পরিবারটি সর্বক্ষেত্রে পারদর্শী তাদের সদস্য সংখ্যা চার (যদি কুকুর জোজো-কে ধরা হয় তাহলে পাঁচ)। যখন তারা সবাই একসঙ্গে লেক জিলার পাহাড়ে চড়তে যান না, মা এবং বাবা ফেরি করেন এবং ছেলে ম্যাক্স এবং মেয়ে অ্যালিস ফুটবল খেলা এবং রাস্তায় নাচের ক্লাশে যান। এটা বলার প্রয়োজন নেই যে, তাদের বাড়ীর ওয়াশিং মেশিন এবং ডিশওয়াশার কোনসময় বন্ধ হয় না। তাদের এই বৎসরের নির্ধারিত জলের বিল হলো £625।

একটি জলের মিটার থাকলে সঞ্চয় হওয়ার সম্ভাবনা আছেঃ
সম্ভাবনা নেই

দঃখিত!

আপনার বিল

আপনার মিটারটি স্থাপন হওয়ার ছয় মাসের মধ্যে আপনার প্রথম নতুন বিলটি আপনার লেটারবক্সের মধ্যে রাখা হবে বলে আশা করতে পারেন।

আপনার বিলে মিটার রিডিং দেওয়া থাকবে যে আপনি কি পরিমান ব্যবহার করেছেন এবং সেই হিসাবে শুল্ক নির্ধারণ করা হবে। যদি কোন কারনে আমরা আপনার মিটার পড়তে পারি না, তাহলে কি করতে হবে তা লিখে আমরা একটি কার্ড ছেড়ে যাবো। আপনি আপনার রিডিং দেখে আমাদের **0800 616 448** নম্বরে ফোন করতে পারেন, অথবা আপনি রিডিং আমাদের ওয়েবসাইটেও প্রবিষ্ট করতে পারেন। আপনার দ্বারা বা আমাদের কোন মিটার রিডারের দ্বারা সঠিক রিডিং নেওয়া হলে পরেই আপনি সঠিক একটি বিল পাবেন।

আমাদের পুরনো অ্যাকাউন্ট থেকে আমাদের কাছে কোন টাকা পাওনা থাকলে, আমরা আপনার প্রথম মিটারের বিল থেকে সেই টাকা বাদ দেবো। এবং আমরা যদি আপনার কাছ থেকে কিছু টাকা পাই, তাহলে এটার নিষ্পত্তির জন্য আমরা আপনাকে একটি বিল পাঠাবো। এই সবকিছু স্বয়ংক্রিয় ভাবে বা নিজে থেকেই হবে।

টাকা দেওয়ার যে পদ্ধতিটা আপনার কাছে উপযুক্ত বলে মনে হয়, আপনি সেই পদ্ধতিতে টাকা দেবেন যেমন, ডাইরেক্ট ডেবিট, আপনার ব্যাংকের দ্বারা বা ডাক মারফত স্ট্যান্ডিং অর্ডার। এবং আপনি যদি আমাদের মাই অ্যাকাউন্ট সার্ভিসের জন্য সাইন-আপ করে থাকেন, এটি আরও সহজ (ভিজিট করুন **unitedutilities.com/myaccount** সম্পূর্ণ বিবরণের জন্য)।

আগের অবস্থায় ফিরে আসা

আমাদের অধিকাংশ গ্রাহকেরাই একবার জলের মিটার লাগিয়ে নিলে আর পেছনে ফিরে তাকান না।এপ্রিল 2000 থেকে আমাদের আধা মিলিয়নেরও বেশি গ্রাহকদেরকে বিনামূল্যে মিটার স্থাপন করে দেওয়া হয়েছে।

তা স্বত্বেও, আপনি যদি দেখেন যে, আপনার প্রত্যাশিত সঞ্চয়টি সম্ভব হচ্ছে না, তাহলে আপনি পুরনো নির্ধারিত বিল পদ্ধতিতে ফিরে আসতে পারেন, কিন্তু আপনার মিটারটি স্থাপন করার 13 মাসের মধ্যে আমাদের বলতে হবে।

এরকম পরিস্থিতিতে আমরা মিটারটি খুলবো না। এটি কারো নাড়াচড়া না করা অবস্থায় ওখানেই বসানো থাকবে। আপনি যদি কোন সময় এই বাড়ী ছেড়ে চলে যান, তাহলে নতুন ভাড়াটে আসলে সে হয়তো মিটার বিল পছন্দ করতে পারে এবং আপনার অবহেলিত মিটারকে একটি নতুন জীবন দিতে পারে।

আপনিও হয়তো টাকা সঞ্চয় করতে পারবেন...

স্মার্ট প্যান্টের এক টুকরো

আপনার মিটারটি হয়তো আপনার জন্য চা করতে পারবে না বা পছন্দের টি.ভি অনুষ্ঠানের সঙ্গে সম্পর্কযুক্ত করতে পারবে না, কিন্তু এটি স্বয়ংক্রিয় ভাবে আমাদের কাছে রিডিং পাঠাতে পারে, সঠিক মিটার রিডিং নেওয়ার জন্য আমাদের আপনাকে অসুবিধা করতে হবে না, (কিন্তু ভবিষ্যতে কোন সময়ে মিটারটি মেরামত করার জন্য বা অন্য জায়গায় সরিয়ে নিয়ে যাওয়ার জন্য আমাদের প্রবেশ করতে হতে পারে)।

আমাদের স্থাপন করা সব মিটার থেকেই আমরা রিমোটের সাহায্যে রিডিং নিতে পারি। এবং ভুলবেন না, আপনি ও নিজে মিটার রিডিং দেখতে পারেন জলের ব্যবহার কম করার জন্য।

একট থামন...
আপনি কি জানেন?

আমরা বাড়ীতে যে পরিমান জল ব্যবহার করি তার বেশির ভাগ জল গরম করা হয় গ্যাস বা ইলেকট্রিসিটি দ্বারা (যেমন, বাথ, শাওয়ার এবং ধোঁয়া পরিষ্কার করা)। সুতরাং জল কম খরচ করলে আপনার এনার্জি বিলও কম আসবে। কে বলে যে জল এবং ইলেকট্রিসিটি মিশ্রিত হয় না?

আপনার দৈনন্দিন রটিনে একট পরিবতন করে একটি মিটার স্থাপন করলে সত্যি আপনার বিল কম করতে সাহায্য হবে। ভিজিট করুন **unitedutilities.com/usewaterwisely** অনেক কিছু জিনিষ এবং সুপরামর্শের জন্য। এছাড়াও আপনি আমাদের ওয়েবসাইট থেকে বিনামূল্যের জিনিষের জন্য অর্ডার করতে পারেন যেগুলি আপনাকে সাহায্য করবে যে, কিভাবে আরম্ভ করতে হয়!

এক বছরের জন্য এটি পরীক্ষা করে দেখন...
আপনার পছন্দ না হলে বদলি করে নেবেন

আপনার যদি জলের মিটার থেকে সঞ্চয় না হয়, তাহলে 13 মাসের মধ্যে আপনি আবার পরনো নিধারিত বিলে ফিরে আসতে পারবেন।

আমরা বিনামল্যে জলের মিটার স্থাপন করি, এবং এটির জন্য আবেদন করাটা সহজ নয়।

আপনিঃ

ক্লিক করতে পারেনঃ অনলাইনে আবেদন করুন **unitedutilities.com/watermeteronlineform** তে

কল করুনঃ আমাদের ফোন করুন **0845 746 1100** নম্বরে এবং বাকী সব আমরাই করবো

পোস্ট করুনঃ এই প্রচারপত্রের সঙ্গে সংলগ্ন করা আবেদন পত্রটি ভর্তি করুন।

এই প্রচারপত্রটি প্রকাশনার একটি সিরিজ বা শ্রেণির মধ্যে একটি যেটিতে আমাদের গ্রাহকদের জন্য প্রয়োজনীয়ত তথ্যগুলি রয়েছে। অন্য যেগুলি আপনার জন্য আগ্রহের হতে পারে সেগুলি হলোঃ

- **পাইপ, ড্রেইন বা নালা, এবং সিওয়ার বা পয়ঃপ্রণালী-র একটি সহজ নির্দেশিকা**
- **আপনার বাড়ীর জলের মিটার পরীক্ষা করা**
- **আপনার জলের বিল দেওয়ার একটি নির্দেশিকা**
- **আমাদের অতিরিক্ত পরিচর্যা পরিষেবার একটি নির্দেশিকা**
- **বিচক্ষনতার সঙ্গে জল ব্যবহার করার একটি নির্দেশিকা**
- **ওয়াটারসিওর আবেদন প্যাক**
- **আমাদের অভিযোগ প্রক্রিয়া**
- **মূখ্য এবং সাধারণ সরবরাহ পাইপ বদলানো**
- **আমাদের পরিষেবার মানদণ্ডগুলি**

আপনি আমাদের ওয়েবসাইট থেকে আমাদের যেকোন প্রচারপত্র ডাউনলোড করতে পারেনঃ **unitedutilities.com/leaflets**, অথবা আমাদের লিখুনঃ United Utilities (Dept LR), 1050 Europa Boulevard, Warrington WA55 1LR. বৈকল্পিক ভাবে, আমাদের সবচেয়ে অনুরোধ করা প্রচারপত্রগুলি আমাদের 24 ঘন্টার স্বয়ংক্রিয় প্রচারপত্র অনুরোধ লাইনে **0845 303 7711** নম্বরে ফোন করলে পাওয়া যায়।

আমাদের সব বুকলেট বা পুস্তিকাগুলি বড় মুদ্রণে, ব্রেইলি এবং অডিও সিডি বা ক্যাসেটে পাওয়া যায়। যেকোন একটি ফর্ম্যাটে এই প্রচারপত্রগুলি পাওয়ার জন্য বা অর্ডার করার জন্য অনুগ্রহ করে **0845 746 1100** নম্বরে আমাদের ফোন করুন।

ইংরেজি যদি আপনার প্রথম ভাষা না হয়, আমাদের মূল বুকলেট বা পুস্তিকাগুলি হিন্দি, উর্দু, গুজরাটি, চীনা, বাংলা এবং পাঞ্জাবী ভাষায় আমাদের ওয়েবসাইট **unitedutilities.com/translations**-এ পাওয়া যায়

এছাড়াও-এই প্রচারপত্রে দেওয়া তথ্যগুলি গ্রাহকদের জন্য প্রদান করা হয়েছে আমাদের ওপারেটিং লাইসেন্সের প্রয়োজনীয়তা অনুযায়ী মেনে চলার জন্য এবং এগুলি নিয়ন্ত্রণকারী OFWAT-র অনুমোদনের বিষয়।

কোন কারনে আপনার যদি আমাদের সঙ্গে যোগাযোগ করতে হয়ঃ

আপনার বিল সম্বন্ধে আমাদের সঙ্গে কথা বলতে হলেঃ
আপনার যদি একটি জলের মিটার না থাকে 0845 746 1100
আপনার যদি একটি জলের মিটার থাকে 0845 746 2222
খোলা সময়ঃ সকাল 8 টা রাত 8 টা সোম থেকে শুক্র;
সকাল 8 টা বিকেল 5 টা শনিবার

আপনার জল এবং বর্জ্য জল পরিষেবা সম্বন্ধে আমাদের সঙ্গে কথা বলতে হলেঃ
0845 746 2200
খোলা সময়ঃ সকাল 8 টা রাত 8 টা সোম থেকে শুক্র;
সকাল 8 টা সন্ধ্যে 6 টা শনিবার; সকাল 8 টা দুপুর 12 টা রবিবার।

আপনার যদি শোনার বা কথা বলার ক্ষেত্রে সমস্যা থাকে, এবং আপনি টেক্সট ফোন ব্যবহার করেন, তাহলে দয়া করে ডায়েল করুন **18001** এবং তারপর আপনার প্রয়োজনীয় নম্বরটি।

আপনি আমাদের কাছে লিখতে পারেনঃ
United Utilities, PO Box 459, Warrington WA55 1WB

অথবা অনলাইনে যানঃ
unitedutilities.com তে

my account

আপনি এখন অনলাইনে আপনার জলের অ্যাকাউন্ট চালাতে পারেন।
এখন রেজিস্টার করুনঃ **unitedutilities.com/myaccount তে**

United Utilities
helping life flow smoothly

United Utilities Water PLC,
Haweswater House, Lingley Mere Business Park, Lingley Green Avenue, Warrington WA5 3LP.
ইংল্যান্ড এবং ওয়েলস-এ পঞ্জীকৃত। পঞ্জীকরণ নম্বর 2366678।

01/13/SD/4959a

আপনার প্রশ্নসমহের উত্তর দেওয়া

United Utilities
helping life flow smoothly

জলের মিটারটি ফিট বা স্থাপন করা

একটি জলের মিটার ফিট করানোর জন্য কিভাবে আমি আবেদন করবো?

অনলাইনে আবেদন করুন **unitedutilities.com/meters-এ** অথবা সংলগ্ন করা আবেদন ফর্মটি ভর্তি করুন। এছাড়াও আপনি **0845 746 1100** নম্বরে ফোন করে আবেদন করতে পারেন।

জলের মিটারটি কোথায় ফিট করা হবে?

আমরা আপনার বাড়ীর ভিতরে বিনা মূল্যে জলের মিটার স্থাপন করি (জল সরবরাহ করার পাইপে, যে পাইপ দিয়ে আপনার বাড়ীতে জল আসে)। যদি আমরা আপনার বাড়ীর ভিতরে মিটারটি স্থাপন করতে না পারি, তাহলে আমরা বাইরে এটি ফিট করবো (কিছু কিছু ক্ষেত্রে আপনার বাড়ীর বাইরে একটি বাক্স লাগানো থাকবে-যদি এরকম একটি বাক্সা লাগানো থাকে তাহলে এই বাক্সে আমরা মিটারটি বসিয়ে দেবো)।

মিটারটি কোন স্থানে বসালে ভালো হবে সেই বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার জন্য আমরা বাড়ীতে এসে সার্ভে করবো। আমরা যতদূর সম্ভব চেষ্টা করবো যে ঐ ভিজিটেই যেন আপনার মিটারটি বসানো হয়ে যায়, কিন্তু যদি সম্ভবপর না হয় তাহলে আমাদের হয়তো আবার আসতে হবে।

যেহেতু মিটারটি আপনার সরবরাহ পাইপের সঙ্গে সংযুক্ত করতে হবে (যেটি সাধারণত রান্নাঘরের সিঙ্কের নীচে থাকে), আমরা আপনাকে নির্দিষ্ট কিছু জিনিষ সরিয়ে নেওয়ার জন্য অনুরোধ করবো যাতে আমরা কাজটি করতে পারি (যেমন, সাদা বস্তু যেগুলি জল সরবরাহ পাইপ, কাঠ প্যানেলিং আটকাতে পারে)।

আপনার মিটারটি ফিট করার সময় আমরা সামান্য কিছু জোড়া লাগানো কাজ করবো, এবং কোন কাজ আরম্ভ করার আগে নিশ্চিত করবো যে আপনি এতে খুশি আছেন কি না।

অন্য কোথাও জলের মিটার বসানোর জন্য আমি কি টাকা দিতে পারি?

হ্যাঁ। যদি জলের মিটারটি আমাদের পছন্দের জায়গায় (আপনার বাড়ীর ভিতরে) বসানো সম্ভব হয়, কিন্তু আপনি চান যে জলের মিটারটি বাইরে বসানো হোক, তাহলে আমরা দেখবো যে এটা সম্ভবপর কি না। দুর্ভাগ্যবশত, কিছু কিছু সম্পত্তিতে বাইরের দিকে মিটার বসানো যায় না, সম্পূর্ণ বিবরণের জন্য পরবর্তী বিভাগগুলি দেখুন। আমরা যদি আপনার জন্য মিটারটি ফুটপাথে বসাতে পারি, তাহলে খরচে কোন ব্যবধান আসলে তা আপনাকে বহন করতে হবে, যেটি হবে £130 ও সঙ্গে ভ্যাট (VAT)।

আপনি কি সবসময় একটি জলের মিটার বসাতে পারেন?

না, সবসময় না। কি কি কারনে একটি জলের মিটার বসানো যাবে না তা নিম্নরূপঃ

- আপনি একটি ফ্ল্যাটে থাকেন যেটিতে কম্যুনাল সুবিধাসমূহ যেমন, লোন্ড্রি রুম বা গরম জল সরবরাহ ভাগাভাগি করা হয়।
- আপনার সম্পত্তিতে একটিরও বেশি জল সরবরাহের লাইন রয়েছে।
- আপনি অন্য সম্পত্তির সঙ্গে আপনার জল সরবরাহ ভাগাভাগি করেন।
- আপনার বাড়ীর ভিতরের পাইপ লাইন নাগালের বাইরে, অবস্থা খারাপ, অথবা জল সরবরাহ (ওয়াটার ফিটিং) আইন 1999 অনুযায়ী মানানসই নয়।
- আমরা জলের মিটার স্থাপন করার জন্য একটি উপযুক্ত জায়গা খুজে বের করতে অসমর্থ
  - ফুটপাথে বা আপনার বাড়ীর বাইরের পাব্লিক হাইওয়েতে
  - আপনার বাড়ীর ভিতরে।

আমরা যদি আপনার বাড়ীতে একটি জলের মিটার বসাতে না পারি তাহলে আপনি করযোগ্য মূল্যের পরিবর্তে মূল্যায়িত শুল্কের ভিত্তিতে আপনার জল এবং বর্জ্য জল পরিষেবার জন্য টাকা দেওয়া পছন্দ করতে পারেন। মূল্যায়িত শুল্ক হলো প্রতি বৎসরের জন্য নির্ধারিত একটি রাশি। আপনি কি পরিমানে টাকা দেবেন সেটি নির্ভর করবে আপনার সম্পত্তি কি ধরণের এর উপর, যদিনা আপনি একা থাকেন, যেক্ষেত্রে আপনি আমাদের সিঙ্গল পার্সোন হাউসহোল্ড ট্যারিফের আওতায় যোগ্য হতে পারেন।

যদি আমরা মিটার স্থাপন করতে না পারি তাহলে এই বিকল্প সম্বন্ধে আপনার সঙ্গে আলোচনা করবো।

কখন আপনি জলের মিটার পড়বেন?

আমরা সাধারণত প্রত্যেক ছয় মাসে জলের মিটার রিড করবো। আমরা বাড়ীর ভিতরে যে মিটার স্থাপন করি সেটিকে বলা হয় 'স্মার্ট' মিটার, এর অর্থ হলো এগুলি আমাদেরকে স্বয়ংক্রিয়ভাবে রিডিং পাঠাতে পারে এবং এর ফলে আমাদেরকে আপনার বাড়ীতে আসতে হয় না। কিন্তু, ভবিষ্যতে এমন কোন সময় আসতে পারে যখন আমাদের মিটারটির মেরামত করা বা বদলানোর জন্য আপনার বাড়ীর ভিতরে আসতে হতে পারে।

আমরা যদি জলের মিটারটি পড়তে অসমর্থ হই, তাহলে কি করতে হবে তার ব্যাখ্যা সহ একটি কার্ড ছেড়ে যাবো। আপনি রিডিং দেখে আমাদের **0800 616 448** নম্বরে ফোন করতে পারেন, অথবা অনলাইনে আপনার রিডিং প্রবিষ্ট করতে পারেন **unitedutilities.com/meter-reading-তে** আপনার দ্বারা বা মিটার রিডারের দ্বারা নেওয়া সঠিক রিডিং আপনার সঠিক বিল পাওয়াটা নিশ্চিত করবে।

একটি জলের মিটার স্থাপন করতে কত সময় লাগবে?

সার্ভেতে যদি দেখা যায় যে আমরা একটি জলের মিটার স্থাপন করতে পারবো, তাহলে আমরা আপনার আবেদন পাওয়ার **তিন মাসের মধ্যে** মিটার স্থাপন করবো। আপনার ফর্মটি পাওয়ার দুই সপ্তাহের মধ্যে আমরা আপনাকে জানাবো যে কখন আমরা সার্ভে করবো।

এরপর, একটি সুবিধাজনক অ্যাপোয়েন্টমেন্ট ঠিক করার জন্য আমরা ফোন মারফতে বা চিঠির দ্বারা আপনার সঙ্গে যোগাযোগ করবো।

কদাচিত যদি এমন হয় যে, আমাদের জলের মিটার স্থাপন করতে তিন মাসের ও বেশি সময় লাগছে, তাহলে আমরা আমাদের মানদন্ড পুরা করতে না পারার পরবর্তী প্রতি সপ্তাহের জন্য আপনার অ্যাকাউন্টে **£4** ক্রেডিট করবো। কিছু কিছু পরিস্থিতি এমন আছে, য়খন আপনি এই সুবিধা নাও পেতে পারেন।

এই প্রচারপত্রের তথ্য সম্বন্ধে কিভাবে আমাদের সঙ্গে যোগাযোগ করবেন

unitedutilities.com/meters

0845 746 1100
খোলা সময়ঃ
সকাল 8 টা - রাত 8 টা সোম থেকে শুক্র; সকাল 8 টা - বিকেল 5 টা শনিবার

United Utilities
PO Box 246,
Warrington
WA55 1EA

এগুলির মধ্যে হলোঃ

- আপনি যদি আপনার আবেদন ফর্মটি সঠিক ভাবে পূর্ণ না করেন।
- আমরা যদি জলের মিটার স্থাপন করার জন্য আপনার সঙ্গে অ্যাপোয়েন্টমেন্ট ঠিক করি এবং আপনি এই অ্যাপোয়েন্টমেন্টে না থাকেন বা বাতিল করেন।
- আপনি যদি আপনার পাইপে প্রয়োজনীয় মেরামত বা বদলি না করতে পারেন (সার্ভের সময় আমরা জানিয়ে দেবো যদি বদলি করার প্রয়োজন হয়)। আপনি যদি তিন মাসের মধ্যে এই ধরণের বদলি বা পরিবর্তন করতে না পারেন, তাহলে আপনার মূল আবেদনটি বাতিল করা হবে এবং আপনাকে জলের মিটারের জন্য পুনরায় আবেদন করতে হবে।
- আপনি যদি আমাদেরকে বলেন যে জলের মিটারটি স্থাপন করার জন্য তিন মাসের ও বেশি সময় দেরী হবে।

আমি একজন ভাড়াটে, আমি কি একটি জলের মিটার স্থাপন করার জন্য আবেদন করতে পারি?

হ্যাঁ, যদি না আপনার ছয় মাসের ও কম সময়ের জন্য নির্ধারিত শর্তের ভাড়াটে চুক্তি থাকে, এই ক্ষেত্রে আপনাকে জলের মিটারের জন্য আবেদন করার আগে আপনার বাড়ীর মালিকের অনুমতি নিতে হবে।

আমি বাড়ীর মালিক, আমি কি আমার কোন সম্পত্তিতে জলের মিটার স্থাপনের জন্য আবেদন করতে পারি?

আপনার নাম যদি জলের বিলে থাকে তাহলেই আপনি আমাদের কাছে জলের মিটারের জন্য আবেদন করতে পারেন। অনুগ্রহ করে নিশ্চিত করুন যে, আপনি জলের মিটার স্থাপন করা সম্বন্ধে আপনার ভাড়াটেকে জানিয়েছেন।

জলের মিটার স্থাপন হওয়ার পর আমি কি মত পাল্টাতে পারি?

হ্যাঁ, যদিনা আপনি একজন বেশি জল ব্যবহারকারী হয়ে থাকেন। উদাহরণ স্বরূপ, আপনি যদি একটি পোন্ড বা স্যুইমিং পুল (10,000 লিটার জলের ক্ষমতা থাকা) ভর্তি করেন, একটি স্প্রিংকলার ব্যবহার করেন, বা আপনার সম্পত্তিটি একটি বাড়ী এবং ব্যবসা কেন্দ্র এবং আসল জল ব্যবহার করা হয় আপনার ব্যবসার জন্য, তাহলে আপনাকে মিটারের বিল রাখতে হবে।

প্রত্যেকের মতো জলের মিটার স্থাপন করার পর আপনার কাছেও 13 মাস সময় থাকবে, যে সময়ের ভিতর আপনাকে বলতে হবে যে আপনি আগে যেরকম জলের জন্য শুল্ক নির্ধারণ করা হতো সেই হিসাবে টাকা দিতে চান।

আমরা মিটারটি সরিয়ে আনবো না, কিন্তু আপনার পরবর্তী সব বিলগুলি আগের মতো আপনার সম্পত্তির করযোগ্য মূল্যের ভিত্তিতে নির্ধারণ করা হবে। আপনি যদি এই সময়সীমার ভিতরে আমাদের না বলেন, তাহলে আপনার মিটার রিডিং অনুযায়ী আপনাকে বিল দিতে হবে।

একটি মিটার স্থাপন করার ফলে আমার সম্পত্তির ইলেকট্রিকাল আর্থিং-এ কোন প্রভাব পড়বে কি?

আমরা যদি আপনার বাড়ীর ভিতরে মিটার স্থাপন করি, তাহলে আমরা এমন কিছু করবো না যার ফলে আপনার ইলেকট্রিকাল আর্থিং বা বোন্ডিং সিস্টেমে কোন প্রভাব পড়বে। আমরা জলের মিটারের চারিপাশে একটি স্থায়ী বোন্ডিং স্থাপন করবো এবং এটি অবশ্যই তার জায়গাতে থাকবে।

আমরা যদি জলের মিটারটি আপনার বাড়ীর বাইরে স্থাপন করি, এবং আপনার ইলেকট্রিকাল সিস্টেম জলের পাইপকে আর্থ হিসাবে ব্যবহার করে তাহলে কিছু প্রভাব পড়তে পারে। আপনার সম্পত্তিতে সঠিক ভাবে ইলেকট্রিকাল আর্থিং করাটা আপনার দায়িত্ব। আপনি যদি এই বিষয়ে উদ্বিগ্ন থাকেন, তাহলে একজন দক্ষ ইলেকট্রিশিয়ানের সঙ্গে যোগাযোগ করুন।

আমার জল সরবরাহের পাইপে ছিদ্র হলে কি হবে?

ঘরুয়া গ্রাহকদের জন্য আমাদের ব্যক্তিগত ছিদ্র মেরামত স্কিম রয়েছে। এর অর্থ হলো যে, বিশেষ কিছু মামলাতে, আমরা আপনার বাইরের সরবরাহ পাইপের ছিদ্র বিনামূল্যে মেরামত করবো। আমরা শুধুমাত্র সম্পত্তির বাউন্ডারি বা সীমানা থেকে আপনার বাড়ীর বাইরের দেওয়াল পর্যন্ত বিস্তৃত পাইপে কোন ছিদ্র হলে সেটি মেরামত করবো কিন্তু আপনার বিল্ডিং-এর নীচে বা আভ্যন্তরীণ প্লাম্বিং-এ কোন মেরামত করবো না। সম্পূর্ণ বিবরণ পাওয়া যাবে **unitedutilities.com/bursthome**-তে

কোন ছিদ্র বা ফেটে যাওয়ার ফলে নষ্ট হওয়া জলের জন্য কি আমাকে টাকা দিতে হবে?

আপনার যখন একটি জলের মিটার থাকবে, তখন এই মিটার অতিক্রম করে যাওয়া সব জলের জন্যই আমরা টাকা নেবো। আমরা সুপারিশ করবো যে, নিয়মিত ভাবে মিটার রিডিং দেখুন যাতে পাইপে কোন ছিদ্র থাকলে তা বোঝা যায়। আপনি যদি বাইরের সরবরাহ পাইপে কোন ছিদ্র পান, তাহলে নষ্ট হওয়ার জলের জন্য দাবী করার আপনার অধিকার আছে। আমরা ছিদ্র হওয়ার জন্য নষ্ট হওয়া জলের টাকা ফেরত দেবো, কিন্তু যদি এটা প্রথমবার ফাটে এবং দেখা যাওয়ার দুই সপ্তাহের মধ্যে মেরামত করা হয়।

এছাড়াও আপনার নষ্ট হওয়া জলের টাকার জন্য আমরা ভাতা দেবো। ভিজিট করুন **unitedutilities.com/ bursthome** আমাদের লিক্যাজ কোড অফ প্র্যকটিস-এর সম্পূর্ণ বিবরণের জন্য এবং দাবী ফর্মটি ডাউনলোড করার জন্য।

জলের মিটারের মালিক কে?

জলের মিটারের মালিক হলো ইউনাইটেড ইউটিলিটিস। এটির দেখাশোনা, মেরামত এবং বদলি করার জন্য আমরা দায়িত্বশীল।

আমি যদি বাড়ীটি ছেড়ে চলে যাই, তাহলে নতুন ভাড়াটে কি সম্পত্তির করযোগ্য মূল্যের ভিত্তিতে শুল্ক দেওয়াতে ফিরে যেতে পারবে?

সব নতুন ভাড়াটেদেরকেই তাদের মিটার রিডিং অনুযায়ী জল পরিষেবার শুল্ক দিতে হবে (এমনকি আপনি যদি করযোগ্য মূল্য অনুযায়ী শুল্ক দেওয়াতেও ফিরে যান)।

বাড়ীটি ছাড়ার সময় আপনাকে অবশ্যই নতুন মালিককে বলে যেতে হবে যে তাদেরকে মিটার রিডিং অনুযায়ী জলের জন্য শুল্ক দিতে হবে।

আমি কি জলের মিটারটি সরাতে পারবো?

না। জলের মিটারটি নাড়াচাড়া করা, বা সরানো আইন বিরোধী, সুতরাং অনুগ্রহ করে এমন করবেন না।

আপনার বিল

কতদিন পর পর আপনারা আমাকে একটি বিল পাঠাবেন?

আপনি প্রতি ছয় মাসে একটি বিল পাবেন। এটি হবে আপনার ব্যবহার করা জল এবং বর্জ্য জলের জন্য। আপনি কোন তারিখে বিলটি পাবেন সেটা নির্ভর করবে আমরা কখন আপনার জলের মিটারের রিডিং দেখবো তার উপর।

জলের মিটার স্থাপন হওয়ার পরে ছয় মাসের মধ্যে যেকোন সময়ে আপনার প্রথম মিটার বিলটি আসতে পারে। আমরা যদি আমাদের নিজে বা আপনার কাছ থেকে রিডিং নিতে না পারি, তাহলে আমরা একটি এস্টিমেটেড বিল বা আনুমানিক বিল পাঠাবো।

কিভাবে আমার বিল দিতে পারবো?

আপনার বিল দেওয়ার জন্য আমাদের কয়েকটি সহজ উপায় রয়েছে। আপনি ডাইরেক্ট ডেবিট, নগদ বা চেক-এর মাধ্যমে দিতে পারেন। কিছু গ্রাহক বিল আসার সঙ্গে সঙ্গেই টাকা দিতে পছন্দ করেন, কিন্তু বেশির ভাগ গ্রাহক একটি বাজেট পেমেন্ট স্কিমের মাধ্যমে বৎসরে একবার টাকা দেওয়া পছন্দ করেন। বৎসরে আপনি কতটা জল ব্যবহার করতে পারেন তা আমরা হিসাব করি নিয়মিত মাসিক টাকা দিয়ে সেটা ভাগ করি। আগামী বৎসর আপনাকে কত টাকা দিতে হবে (কম বা বেশি) সেটা সত্যিকারের আপনি কি পরিমান জল ব্যবহার করছেন তার উপর ভিত্তি করে ঠিক করে নেবো।

আমি কি ডাইরেক্ট ডেবিটের মাধ্যমে টাকা দিতে পারি?

হ্যাঁ। ডাইরেক্ট ডেবিট আপনার জলের বিলের টাকা জমা দেওয়ার ঝামেলা কম করে এবং আপনি আপনার পেমেন্ট স্প্রেড করতে পারেন। এছাড়াও আমরা প্রতি বৎসর আপনার বিলে **£5** ছাড় দিয়ে থাকি। শুধু আমাদের ফোন করুন **0845 746 2222**-তে

আমি বর্তমানে ডাইরেক্ট ডেবিটের মাধ্যমে টাকা দিই। আমাকে কি অন্য ফর্ম ভর্তি করতে হবে?

না, আপনাকে কিছু করতে হবে না। আমরা আপনার ব্যবস্থাটাই নিয়মিত যদিনা আপনি আমাদের অন্যভাবে করতে বলেন।

জলের মিটার স্থাপন হওয়ার পরে আমার ‘পুরনো’ বিলের কি হবে?

আপনি বর্তমানে যেভাবেই টাকা দেন না কেন, অনুগ্রহ করে আমরা জলের মিটারটি স্থাপন না করা পর্যন্ত আপনার বিলের টাকা দিতে থাকবেন।

একবার জলের মিটার স্থাপন করা হলে, আমরা আপনার পুরনো বিলটির নিষ্পত্তি করবো, আপনি যদি আমাদের কাছ থেকে কোন টাকা পান তাহলে, আপনার মিটারের প্রথম বিল থেকে আমরা সেই টাকা কম করে দেবো। এটি ক্রেডিট ব্যালেন্স হিসাবে দেখাবে। আপনি যদি আপনার ‘পুরনো’ বিল থেকে আমাদের কাছে টাকা পান তাহলে আমরা বকেয়া টাকার জন্য একটি অ্যাকাউন্ট পাঠাবো।

এক নজরে সম্ভাব্য সঞ্চয়

এই টেবিলটি দেখাবে যে, একটি জলের মিটার থাকলে প্রতি বৎসর আপনি আনুমানিক কত টাকা সঞ্চয় করতে পারবেন।

- প্রথমত, আপনার জলের বিল থেকে এটা দেখুন যে বর্তমানে প্রতি বৎসর আপনি কত টাকা দেন।
- তারপর, আপনার বাড়ীর লোকসংখ্যার হিসাবে এর তুলনা করুন।
- সম্ভাব্য সঞ্চয় দেখানো হয়েছে গাঢ়ো বাক্সগুলিতে।
- হালকা বাক্সগুলি দেখায় যে সঞ্চয় সম্ভব নয় এবং বেশির ভাগ ক্ষেত্রে আপনি টাকার জন্য সর্বোত্তম মূল্য পাচ্ছেন।

আপনার বতমান বার্ষিক বিলঃ	£300 - £400	£400 - £500	£500 - £600	£600 - £700	
1 জন লোক থাকা বাড়ীতে	£16-£116	£116-£216	£216-£316	£316-£416	সম্ভাব্য সঞ্চয়*
2 জন লোক থাকা বাড়ীতে	স্বল্প সঞ্চয় সম্ভব	£2-£102	£102-£202	£202-£302	
3 জন লোক থাকা বাড়ীতে	সঞ্চয়ের সম্ভাবনা নেই	সঞ্চয়ের সম্ভাবনা নেই	স্বল্প সঞ্চয় সম্ভব	£88-£188	
4 জন লোক থাকা বাড়ীতে	সঞ্চয়ের সম্ভাবনা নেই	সঞ্চয়ের সম্ভাবনা নেই	সঞ্চয়ের সম্ভাবনা নেই	স্বল্প সঞ্চয় সম্ভব	
5 বা এর বেশি লোক থাকা বাড়ীতে	সঞ্চয়ের সম্ভাবনা নেই	সঞ্চয়ের সম্ভাবনা নেই	সঞ্চয়ের সম্ভাবনা নেই	সঞ্চয়ের সম্ভাবনা নেই	

উদাহরণস্বরূপঃ
দুই জন লোক বিশিষ্ট একটি বাড়ীতে বার্ষিক বিল যদি £500 হয় তাহলে তাদের জলের বিলে সম্ভাব্য সঞ্চয় হবে £102 যদি তারা একটি জলের মিটার লাগিয়ে নেন।

** গড় খরচ এবং লোক সংখ্যার ভিত্তিতে প্রতি বৎসরের সঞ্চয় (2013/2014 মূল্য অনুযায়ী)।*

দেখানো টাকার সঞ্চয়গুলি ***শুধুমাত্র গাইড বা নির্দেশিকা*** এবং আপনার জল ব্যবহারের উপর নির্ভরশীল। অনুগ্রহ করে ভিজিট করুন **unitedutilities.com/meters** এবং আরও সঠিক হিসাব পাওয়ার জন্য আমাদের অনলাইন ওয়াটার মিটার ক্যালকুলেটরটি দেখুন।

আপনার অধিকার এবং দায়িত্বগুলি

(এগুলি আইনি অংশ - এর সবগুলি যদি একটু নিয়মানুগ হয় তাহলে দুঃখিত!)

এই বিভাগটি আপনার জল এবং বর্জ্য জল পরিষেবার শুল্ক সম্পর্কীয় আইনি অধিকার এবং দায়িত্ব সম্পর্কে ব্যাখ্যা করে। এটি যে বিষয়গুলি অন্তর্ভুক্ত আছে তা হলো, ছিদ্র, পরিসর খালি করা, সরবরাহ পাইব এবং জলের মিটার।

বাড়ীর মালিক টাকার জন্য দায়িত্বশীল থাকবেন যদিনা অন্য ব্যক্তি দায়িত্ব নিজে রাজী আমাদের সঙ্গে একমত হয়, যেক্ষেত্রে সেই ব্যক্তি দায়িত্বশীল হবেন।

অধিকাংশ বাড়ীর মালি এবং ভাড়াটে-দের ক্ষেত্রে সাধারণত দখলদারী হিসাবে ভাড়াটে-কেই টাকা দিতে হয় বাড়ীর মালিককে নয়। মূল ব্যতিক্রম বা ছাড়গুলি হলো, ছুটি কাটানোর জন্য ভাড়া নেওয়া, ছাত্রদের ভাড়া দেওয়া বা অন্যান্য স্বল্প সময়ের জন্য ভাড়া দেওয়া যেক্ষেত্রে ভাড়াটের দখল কম সময়ের জন্য থাকে। এসব ক্ষেত্রে বাড়ীর মালিককেই দখলদারী হিসাবে গণ্য করা হয়।

যেখানে পরিসর দখল করা হবে বা দেওয়া হবে সেইখানেই শুল্ক ধার্য করা হবে। যদি পরিসর দখল করা না হয় বা দেওয়া না হয়, তাহলে সেই পরিষেবাগুলি গ্রহণ করা ব্যক্তিকে আমরা কোন পরিষেবা দিলে তার জন্য শুল্ক ধার্য করা হবে। আমরা আপনার সঙ্গে অন্য চুক্তিতে না আসা পর্যন্ত, আপনি বিল পাওয়ার পর আপনাকে টাকা দিতে হবে এবং 14 দিনের মধ্যে অবশ্যই আমাদের কাছে টাকা পৌছাতে হবে।

জলের মিটারের মধ্য দিয়ে যে জল বেরিয়ে যাবে সেই সব জলের জন্য আমরা শুল্ক ধার্য করবো কোন ক্ষতি, নষ্ট হওয়া, ছিদ্র বা অপব্যবহার আমরা দেখবো না। কিন্তু, যদি প্রথমবার আপনার সরবরাহ পাইপ ফাটে, তাহলে নষ্ট হওয়া জলের জন্য ভাতা বা ক্ষতিপূরণ দাবী করার আপনার অধিকার আছে।

এটি জল এবং বর্জ্য জল উভয়ের ক্ষেত্রে প্রযোজ্য। আমরা যে সময় ঠিক করবো সেই সময়ের ভিতরে বা দুই সপ্তাহের মধ্যে আপনাকে অবশ্যই এটি মেরামত করে নিতে হবে। মিটার থাকা ঘরুয়া সম্পত্তির জন্য আমাদের 'লিক্যাজ কোড অফ প্রযাকটিস' থেকে আপনি আরও জানতে পারবেন। আপনি আমাদেরকে **0845 746 2222** নম্বরে ফোন করে বা ওয়েবসাইট **unitedutilities.com/bursthome** ভিজিট করে একটি প্রতিলিপি পেতে পারেন।

যদি, কোন কারনে আমরা ঠিক করতে পারি না যে কি পরিমান জল জলের মিটার থেকে বেরিয়ে গেছে, তাহলে আমরা আপনার চার্জ বা শুল্কের ভিত্তিতে অনুমান করবো যে কি পরিমান জল ব্যবহার করা হয়েছে। যদি সঠিক হয়, তাহলে আমরা পরে এই মূল্য বা শুল্ক সমন্বয় করবো। মিটার খারাপ থাকা সময়াবধির জন্য, আমাদের আনুমানিক হিসাবটি হবে উপলব্ধ সবচেয়ে গ্রহণযোগ্য তথ্যের ভিত্তিতে।

আপনাকে যদি মূল্যায়িত জল সরবরাহ করা হয় তাহলে আপনাকে জল পরিষেবার জন্য শুল্ক দিতে হবে যতক্ষন পর্যন্ত হয়ঃ

(i) স্থানটির দখল ছাড়তে চাইছেন (বা তাদের কাছ থেকে জল সরবরাহ চান না) এবং এর জন্য আপনি দুই কর্মদিবসের আগে নোটিশ দিয়েছেন; অথবা

(ii) যেখানে জলের মিটার এক বা ততোধিক জায়গার জন্য বসানো আছে, এবং যে ব্যক্তি টাকা দেওয়ার দায়িত্ব নিয়েছেন তিনি পরিষেবা বন্ধ করার জন্য যথেষ্ট সময় দিয়ে নোটিশ পাঠিয়েছেন।

(i)-এর ক্ষেত্রে আপনি যটি নোটিশ না দিয়ে থাকেন তাহলে, আইনের ধারা 144 অনুযায়ী আগামী মিটার রিডিং না নেওয়া পর্যন্ত আপনাকে টাকা দিতে হবে।

আপনার সম্পত্তিতে থাকা জল সরবরাহের পাইপের জন্য আপনি দায়িত্বশীল। সাধারণত আপনার সম্পত্তির দেওয়াল থেকে শুরু করে (কোন সময় আপনার বাগানের দেওয়াল) আপনার সম্পত্তি পর্যন্ত বিস্তৃত পাইপ। কিছু কিছু ক্ষেত্রে, বিশেষ করে গ্রাম্য এলাকায়, রাস্তার যে অংশে আমাদের মূল পাইপটি রয়েছে সেখান থেকে শুরু করে আপনার সম্পত্তি পর্যন্ত বা যেখানে সরবরাহ পাইপটি অন্য কারো জমির উপর দিয়ে যায় সেই অধিক পাইপের জন্য আপনি দায়িত্বশীল থাকবেন। আপনার দায়িত্ব সম্পর্কে আপনার যদি কোন সন্দেহ থাকে, তাহলে আপনার সম্পত্তির ডিড দেখলে আরও বেশি জানতে পারবেন।

জলের মিটারটি আমাদের সম্পত্তি হয়ে থাকবে। এর অর্থ হলো যে, এটির মেরামত এবং কোন সময় বদলি করতে হলে আমরা দায়িত্বশীল থাকবো। আমরা নিজের খরচায় এগুলি করবো, যদিনা জলের মিটার কোন ভাবে ক্ষতিগ্রস্থ করা হয়।

জলের মিটার ক্ষতিগ্রস্থ করাটা গুরুতর অপরাধ। আমাদের অনুমতি ছাড়া, আপনি জলের মিটার সরাতে পারবেন না, এটিকে বাধাপ্রাপ্ত করতে পারবেন না বা এতে কোন কাজ করতে পারবেন না। দায়িত্বশীল ব্যক্তির কাছ থেকে আমরা কোন খরচ, লোকসান বা ক্ষতিগ্রস্থ হলে সেই মাশুল আদায় করবো।

কোন সময় হয়তো আমরা আপনার জলের মিটারটি পরীক্ষা করবো, বা আপনি যদি আমাদের পরীক্ষা করতে বলেন, আমরা অবশ্যই করবো। আপনি যদি আমাদের জলের মিটারটি পরীক্ষা করতে বলেন, এবং এতে কোন ত্রুটি না থাকে, তাহলে পরীক্ষার জন্য আপনাকে টাকা দিতে হবে। আরও বেশি তথ্যের জন্য, আমাদের স্বয়ংক্রিয় প্রচারপত্র অনুরোধ লাইনে ফোন করুন **0845 303 7711** নম্বরে এবং আমাদের ফ্যাক্টশিট 'টেস্টিং হাউসহোল্ড ওয়াটার মিটার' এর জন্য বলুন।

এছাড়াও আপনার কাছে ট্রেডিং স্ট্যান্ডার্ড অফিসার দ্বারা আপনার জলের মিটার পরীক্ষা করার বিকল্পটি রয়েছে। আপনি যদি এরকম করতে চান, তাহলে আপনাকে স্থানীয় ট্রেডিং স্ট্যান্ডার্ড বিভাগের সঙ্গে সরাসরি যোগাযোগ করতে হবে।

United Utilities
helping life flow smoothly

আমাদের সম্বন্ধে

ইউনাইটেড ইউটিলিটিস হলো নর্থ ওয়েস্ট বা উত্তর পশ্চিমের জলের কোম্পানি। প্রত্যেক দিন আমরা সাত মিলিয়ন গ্রাহকের জন্য ট্যাপে জল এবং শৌচালয়ে জলের ব্যবস্থা করি। ক্রিউ থেকে কার্লিসলি পর্যন্ত, আমরা কঠোর পরিশ্রম করি যাতে আপনার জীবন-যাপন সুন্দর ও ভালো হয়।

United Utilities Water PLC , Haweswater House, Lingley Mere Business Park, Lingley Green Avenue, Warrington WA5 3LP.
ইংল্যান্ড এবং ওয়েলস-এ পঞ্জীকৃত। পঞ্জীকরণ নম্বর 2366678.

01/13/SD/4959c

জলের মিটারের আবেদন

United Utilities
helping life flow smoothly

সময় বাচান অনলাইনে আবেদন করন **unitedutilities.com/meters** তে

বৈকল্পিক ভাবে, আবেদন ফমটি ভতি করন এবং ফেরত পাঠিয়ে দিনঃ
United Utilities, PO Box 246, Warrington, WA55 1EA

মিঃ/মিসেস/মিস/মিস	
নাম	
ঠিকানা	
পোস্টকোড	
বাড়ীর টেলিফোন নম্বর	
মোবাইল টেলিফোন নম্বর	
যোগাযোগের জন্য ঠিকানা যদি উপরিল্লিখিত থেকে ভিন্ন হয়	
পোস্টকোড	
জন্মের তারিখ	
কাস্টমার অ্যাকাউন্ট নম্বর *(যেটা আপনার বিলের উপরে দেওয়া আছে)*	
কি ধরণের সম্পত্তি	☐ আলাদা ☐ ট্যারেসযুক্ত ☐ এক দেওয়ালের ঘর ☐ ফ্ল্যাট
আবাসীয় অবস্থান	☐ মালিক/দখলদার ☐ ভাড়াটে
এই ঠিকানায় থাকা লোকের সংখ্যা	
আপনি যদি একজন ভাড়াটে হোন, তাহলে অনুগ্রহ করে আপনার বাড়ীর মালিকের নাম এবং ঠিকানা দিন (আপনি যদি আশ্রয় আবাসের বাসিন্দা হোন অনুগ্রহ করে হাউসিং অ্যাসোসিয়েশনের সম্পূর্ণ বিবরণ দিন):	
নাম	
ঠিকানা	
টেলিফোন	
আপনার সম্পত্তিতে কি কম্যুনাল সাপ্লাই-এর প্রবেশাধিকার আছে (যেমন, ভাগাভাগি করা লোন্ড্রির সুবিধা বা ভাগাভাগি করা গরম জলের সরবরাহ)?	☐ হ্যাঁ ☐ না
আপনার 6 মাসের ও কম সময়ের ফিক্সড টার্ম ট্যানেন্সি এগ্রিমেন্ট বা নির্ধারিত শর্তের ভাড়াটে চুক্তি আছে?	☐ হ্যাঁ ☐ না
যদি হ্যাঁ হয়, তাহলে আবেদন করার আগে আপনার বাড়ীর মালিকের অনুমতি নিতে হবে। অনুগ্রহ করে এই বাক্সে টিক করুন এটা নিশ্চিত করার জন্য যে আপনি আপনার সম্পত্তিতে মিটার স্থাপন করার জন্য আপনার বাড়ীর মালিকের অনুমতি পেয়েছেন।	☐
আমি একটি জলের মিটার স্থাপন করতে চাই এবং নিশ্চিতি দিচ্ছি যে একটি জলের মিটার স্থাপন করার শর্তগুলি বুঝেছি। একটি সার্ভের জন্য অনুগ্রহ করে আমার সঙ্গে যোগাযোগ করুন।	
হস্তাক্ষর	
তারিখ	
অনুগ্রহ করে ইঙ্গিত করুন যে, একটি সার্ভের ব্যবস্থা করার জন্য আমরা কিভাবে আপনার সঙ্গে যোগাযোগ করবো।	☐ চিঠি ☐ বাড়ীর ফোন ☐ মোবাইল
আপনি যদি টেলিফোনের ইঙ্গিত দিয়ে থাকেন, তাহলে একটি সার্ভের ব্যবস্থা করার জন্য কোন সময়ে ফোন করলে আপনার ভালো হয়?	
আপনি কি সার্ভের জন্য সকালবেলা বা দুপুরের সময়টা পছন্দ করবেন?	☐ পূর্বাহ্ন বা সকাল ☐ মধ্যাহ্ন বা বিকেল

03/12/SD/4959b